



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



২৭২০৬

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৪৩/ ২৭২৮

তারিখঃ ২০/১০/২০১৭খ্রিঃ

বিষয়ঃ বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক নং- ০৫.১০.৭৮৫৭.০০২.০৩.০৪০.১৭-৫৬৪; তারিখঃ ০৭-০৯-২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৪৩/২৫৬৮; তারিখঃ ২৩/০৫/২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন জামেয়া-ই-ওমর ফারুক (রাঃ) দাখিল মাদরাসার সুপার জনাব মোঃ হানিফ গাজী ও তাঁর সহায়তাকারী জনাব মোঃ গোলাম মস্তফার বিরুদ্ধে বিশ্ববার্তার সাংবাদিক জনাব তছলীম আহাম্মদ একখানা অভিযোগপত্র অত্র বোর্ডে দাখিল করেন। অভিযোগে জাল নিবন্ধন সার্টিফিকেট সংগ্রহে সহযোগিতা করে জামেয়া-ই-ওমর ফারুক (রাঃ) দাখিল মাদরাসায় সহকারী মৌলভী পদে জনাব মোসাঃ মাহমুদা বেগমকে নিয়োগ দিয়ে গত ০১/১২/২০১০খ্রিঃ তারিখ হতে ১৭/১২/২০১৬খ্রিঃ তারিখ পর্যন্ত সরকারের লক্ষ লক্ষ টাকা উত্তোলন করে আত্মসাত করেছে মর্মে উল্লেখ করা হয়।

অভিযোগের বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালীকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালী সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদনে দেখা যায়, মোসাঃ মাহমুদা বেগম ভুয়া সার্টিফিকেট দিয়ে কর্তৃপক্ষকে ভুল বুঝিয়ে চাকুরী গ্রহণ করেছেন মর্মে উল্লেখ করা হয়েছে। এছাড়া মোসাঃ মাহমুদা বেগম যেহেতু জাল সার্টিফিকেট দিয়ে অন্যায়ভাবে সরকারের অর্থ গ্রহণ করেছেন, সেহেতু উক্ত পরিমাণ অর্থ সরকারী কোষাগারে ফেরত দেয়া আইন সঙ্গত মর্মে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় মোসাঃ মাহমুদা বেগম ভুয়া সার্টিফিকেট দিয়ে চাকুরী গ্রহণ করায় তার বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার জন্য ম্যানেজিং কমিটিকে এবং সুপারকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক --২--(-২-) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি/সদস্যবৃন্দ, ম্যানেজিং কমিটি; এবং

২) সুপার, জামেয়া-ই-ওমর ফারুক (রাঃ) দাখিল মাদরাসা, পোঃ কলাগাছিয়া, উপজেলা: গলাচিপা, জেলা: পটুয়াখালী।

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-২৪৩/

তারিখঃ /১০/২০১৭খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। উপজেলা নির্বাহী অফিসার, গলাচিপা, পটুয়াখালী।
- ২। জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
- ৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গলাচিপা, পটুয়াখালী।
- ৬। জনাব তছলীম আহাম্মদ, বিশ্ববার্তা সাংবাদিক, কর্তৃ নং-২১৫, উপজেলা: গলাচিপা, জেলা: পটুয়াখালী।
- ৭। জনাব মোসাঃ মাহমুদা বেগম, স্বামী: তাজউদ্দিন আহাম্মেদ, সাং- কলাগাছিয়া, উপজেলা: গলাচিপা, জেলা: পটুয়াখালী।
- ৮। পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ ৯৬৭৪৮৭৪